

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৭: দৃঢ়-প্রত্যয় ও (আল্লাহর প্রতি) ভরসা

(7) _ باب اليقين والتوكل

আরবী

الخامس: عن جابر رضي الله عنه أنه غزا مع النبي صلى الله عليه وسلم قبل نجد، فلما قفل رسول الله صلى الله عليه وسلم قفل معهم، فأدركتهم القائلة في واد كثير العضاه، فنزل رسول الله صلى الله عليه وسلم، وتفرق الناس يستظلون بالشجر، ونزل رسول الله صلى الله عليه وسلم تحت سمرة، فعلق بها سيفه، ونمنا نومة، فإذا رسول الله صلى الله عليه وسلم يدعونا، وإذا عنده أعرابي فقال: "إن هذا اختراط علي سيفي وأنا نائم، فاسيقظت وهو في يده صلتا، قال: من يمنعك منى؟ قلت: الله ـ ثلاثا "ولم يعاقبه وجلس. (متفق عليه).

وفي رواية: قال جابر: كنا مع رسول الله صلى الله عليه وسلم بذات الرقاع: فإذا أتينا على شجرة ظليلة تركناها لرسول الله صلى الله عليه وسلم، فجاء رجل من المشركين، وسيف رسول الله صلى الله عليه وسلم معلق بالشجرة، فاخترطه فقال: تخافنى؟ قال: لا قال: فمن يمنعك منى ؟ قال: الله.

وفي رواية أبي بكر الإسماعيلى في صحيحه: قال: من يمنعك مني؟ قال: الله قال: فسقط السيف من يده، فأخذ رسول الله صلى الله عليه وسلم السيف فقال: من يمنعك مني؟ فقال كن خير آخذ، فقال تشهد أن لا إله إلا الله، وأني رسول الله؟ قال: لا، ولكني أعاهدك أن لا أقاتلك ولا أكون مع قوم يقاتلونك، فخلى سبيله، فأتى أصحابه فقال: جئتكم من عند خير الناس.

বাংলা



৫/৭৯। জাবের রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে নাজদের (বর্তমানে রিয়াদ অঞ্চল) দিকে জিহাদে রওনা হলেন। যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (বাড়ী) ফিরতে লাগলেন, তখন তিনিও তাঁর সঙ্গে ফিরলেন। (রাস্তায়) প্রচুর কাঁটাগাছ ভরা এক উপত্যকায় তাঁদের দুপুরের বিশ্রাম নেওয়ার সময় হল। সুতরাং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (বিশ্রামের জন্য) নেমে পড়লেন এবং (সাহাবীগণও) গাছের ছায়ার খোঁজে তাঁরা বিক্ষিপ্ত হয়ে গেলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি বাবলার গাছের নীচে অবতরণ করলেন এবং তাতে স্বীয় তরবারি ঝুলিয়ে দিলেন, আর আমরা অল্পক্ষণের জন্য ঘুমিয়ে গেলাম।

অতঃপর হঠাৎ (আমরা শুনলাম যে,) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে ডাকছেন। সেখানে দেখলাম যে, একজন বেদুঈন তাঁর কাছে রয়েছে। তিনি বললেন, "আমার ঘুমের অবস্থায় এই ব্যক্তি আমার তরবারি খুলে আমার উপর ধরে আছে। অতঃপর আমি যখন জাগলাম, তখন তরবারিখানি তার হাতে খুলা অবস্থায় দেখলাম। (তারপর) সে আমাকে বলল, 'আমা হতে তোমাকে (আজ)কে বাঁচাবে?' আমি বললাম, 'আল্লাহ!' এ কথা আমি তিনবার বললাম।" তিনি তাকে কোন শাস্তি দিলেন না। অতঃপর তিনি বসে গেলেন। (অথবা সে বসে গেলন) (বুখারী ও মুসলিম)

অন্য এক বর্ণনায় আছে জাবের বলেন যে, আমরা 'যাতুর রিকা'তে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলাম। অতঃপর (ফিরার সময়) যখন আমরা ঘন ছায়াবিশিষ্ট একটি গাছের কাছে এলাম, তখন তা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য ছেড়ে দিলাম। (তিনি বিশ্রাম করতে লাগলেন।) ইতিমধ্যে একজন মুশরিক এল। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর তরবারি গাছে ঝুলানো ছিল। তারপর সে তা (খাপ থেকে) বের করে বলল, 'তুমি আমাকে ভয় করছ?' তিনি বললেন, ''না।'' সে বলল, 'তোমাকে আমার হাত থেকে কে বাঁচাবে?' তিনি বললেন, ''আল্লাহ।"

আবৃ বকর ইসমাঈলীর 'সহীহ' গ্রন্থের বর্ণনায় আছে, সে বলল, 'আমার হাত থেকে তোমাকে কে বাঁচাবে?' তিনি বললেন, ''আল্লাহ।'' বর্ণনাকারী বলেন, তারপর তার হাত থেকে তরবারিটি পড়ে গেল। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তরবারিখানি তুলে নিয়ে বললেন, ''(এবার) তোমাকে আমার হাত থেকে কে বাঁচাবে?'' সে বলল, 'তুমি উত্তম তরবারিধারক হয়ে যাও।' অতঃপর তিনি বললেন, ''তুমি কি সাক্ষ্য দিচ্ছ যে, আল্লাহ ছাড়া কেউ (সত্য) উপাস্য নেই এবং আমি আল্লাহর রাসূল?'' সে বলল, 'না। কিন্তু আমি তোমার কাছে অঙ্গীকার করছি যে, তোমার বিরুদ্ধে কখনো লড়বো না। আর আমি সেই সম্প্রদায়েরও সাথী হবো না, যারা তোমার বিরুদ্ধে লড়বে।' সুতরাং তিনি তার পথ ছেড়ে দিলেন। অতঃপর সে তার সঙ্গীদের নিকট এসে বলল, 'আমি তোমাদের নিকটে সর্বোত্তম মানুষ্থের কাছ থেকে এলাম।'[1]

English

(7) Chapter: Firm Belief and Perfect Reliance on Allah

Jabir (May Allah be pleased with him) reported:

I went in an expedition along with the Prophet (ﷺ) in the direction of Najd.



When Messenger of Allah (ﷺ) returned, I also returned with him. Then the mid-day sleep overtook us in a valley full of prickly shrubs. Messenger of Allah (ﷺ) got down and the people scattered around seeking shade under the trees. Messenger of Allah (ﷺ) hang up his sword on the branch of a tree. We were enjoying a sleep when Messenger of Allah (ﷺ) called us, and lo! There was a desert Arab bedouin near him. He (ﷺ) said, "This man brandished my sword over me while I was asleep. I woke up and saw it in his hand unsheathed. He asked: `Who will protect you from me?' I replied: 'Allah' - thrice". He did not punish him and sat down.

[Al-Bukhari and Muslim].

In another narration, Jabir (May Allah be pleased with him) said: We accompanied Messenger of Allah (﴿) in the campaign of Dhat-ur-Riqa`. We left Messenger of Allah (﴿) to take rest under a shady tree. One of the polytheists came to him. The sword of Messenger of Allah (﴿) was hanging on a tree. He drew it and said: "Are you afraid of me?" Messenger of Allah (﴿) said, "No". Then he said: "Who will then protect you from me?" Messenger of Allah (﴿) replied, "Allah".

And in a narration of Abu Bakr Al-Isma`ili, the polytheist asked: "Who will protect you from me?" Messenger of Allah (**) replied, "Allah." As soon as he said this, the sword fell down from his hand and Messenger of Allah (**) catching the sword, asked him, "Who will protect you from me." He said, "Please forgive me." Messenger of Allah (**) said, "On condition you testify that there is none worthy of worship but Allah and that I am His Messenger." He said, "No, but I promise you that I shall not fight against you, nor shall I be with those who fight with you". The Prophet (**) let him go. He then went back to his companions and said: "I have come to you from one of the best of mankind".

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৯১০, ২৯১৩, ৪১৩৫, ৪১৩৭, ৪১৩৯, আহমাদ ১৩৯২৫, ১৪৫১১, ১৪৭৬৮



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন